



পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ

POWER GRID COMPANY OF BANGLADESH LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)



PGCB Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212

web: www.pgcb.gov.bd

স্মারক নং-২৭.২১.০০০০.১০১.৪৩.০০০.২৩.২৮১০

তারিখঃ ১৩ জুন ২০২৩খ্রিঃ

## মূল্য সংবেদনশীল তথ্য

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর পরিচালক পর্ষদ ১৩ জুন ২০২৩খ্রিঃ, মঙ্গলবার অনুষ্ঠিত ৫৭৩/২০২৩ নম্বর বোর্ড সভায় কোম্পানির শেয়ারহোল্ডারগণের একটি 'বিশেষ সাধারণ সভা (ইজিএম)' আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইজিএম আগামী ০২ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ, শনিবার, সকাল ১০:০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। ইজিএম এর জন্য রেকর্ড ডেট হবে আগামী ১৩ জুলাই ২০২৩খ্রিঃ।

পরিচালক পর্ষদ ইজিএম -এ নিম্নবর্ণিত বিশেষ সিদ্ধান্তসমূহ অনুমোদনের জন্য সুপারিশ করেছেঃ

- কোম্পানির অনুমোদিত শেয়ার মূলধন টাকা ১০,০০০,০০,০০,০০০ (দশ হাজার কোটি) মাত্র থেকে টাকা ১৫,০০০,০০,০০,০০০ (পনের হাজার কোটি) মাত্র -এ উন্নীত করা। যা প্রতিটি ১০ টাকা মূল্যের মোট ১৩,০০,০০,০০,০০০ (তের শত কোটি) অগ্রাধিকার শেয়ার যার মূল্যমান টাকা ১৩,০০০,০০,০০,০০০ (তের হাজার কোটি) এবং প্রতিটি ১০ টাকা মূল্যের মোট ২০০,০০,০০,০০০ (দুইশ কোটি) সাধারণ শেয়ার যার মূল্যমান টাকা ২,০০০,০০,০০,০০০ (দুই হাজার কোটি)। যা আসন্ন বিশেষ সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য উপস্থাপিত হবে। উক্ত অনুমোদনের ভিত্তিতে পিজিসিবি'র মেমোরেণ্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশন এর মূলধন সংশ্লিষ্ট Clause হালনাগাদ হবে।
- পিজিসিবি'র বিভিন্ন প্রকল্পে সরকার কর্তৃক ইকুইটি হিসেবে প্রদত্ত অর্থের বিপরীতে প্রতিটি টাকা ১০/- অভিহিত মূল্যের সাধারণ শেয়ার টাকা ১০/- প্রিমিয়াম সহ মোট ২০,১০,৮০,০০০ (বিশ কোটি দশ লাখ আশি হাজার) টি সাধারণ শেয়ার যার মূল্যমান টাকা ৪০২,১৬,০০,০০০ (চারশ দুই কোটি ষোল লাখ) এবং প্রতিটি টাকা ১০/- অভিহিত মূল্যের ৭৬৪,১১,০৬,০২৩ (সাতশ চৌষট্টি কোটি এগার লাখ ছয় হাজার তেইশ) টি Irredeemable and Noncumulative অগ্রাধিকার শেয়ার যার মূল্যমান টাকা ৭,৬৪১,১০,৬০,২৩০ (সাত হাজার ছয়শ একচল্লিশ কোটি দশ লাখ ষাট হাজার দুইশ ত্রিশ) অর্থাৎ সর্বমোট টাকা (৪০২,১৬,০০,০০০+৭,৬৪১,১০,৬০,২৩০) =৮,০৪৩,২৬,৬০,২৩০ (আট হাজার তেতাচল্লিশ কোটি ছাব্বিশ লাখ ষাট হাজার দুইশ ত্রিশ) এর সমপরিমাণ শেয়ার বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মতি সাপেক্ষে সচিব, বিদ্যুৎ বিভাগ এর অনুকূলে ইস্যু করা।

দৃষ্টব্যঃ উক্ত সভার জন্য রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১৩ জুলাই ২০২৩খ্রিঃ। রেকর্ড ডেট-এ সিডিবিএল সহ শেয়ারহোল্ডার রেজিস্টারে যেসব শেয়ারহোল্ডারগণের নাম থাকবে তাঁরাই বিশেষ সাধারণ সভায় ভার্চুয়ালি সংযুক্ত হতে পারবেন এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে,  
মোঃ জাহাঙ্গীর আজাদ  
কোম্পানি সচিব